

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
প্রশাসন শাখা
www.probashi.gov.bd

নং- ৪৯.০০.০০০০.০১৫.৩৩.০০৩.১৭. ৭১৪

তারিখঃ ২১ জুন ২০১৭

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের গত ১২ জুন ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১২ জুন ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।



(মোহাম্মদ শাহীন)

সদস্য-সচিব, ইনোভেশন টিম ও
উপসচিব

ফোন: ৪৯৩৫৭১০৮

ইমেইল: shaheen.moni2@gmail.com

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২ যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩ যুগ্মসচিব/উপসচিব (মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪ উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫ উপপ্রধান (পরিকল্পনা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় জ্ঞাতার্থে:

- ০১ সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দু:আ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]।
- ০২ মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এ টু আই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০৩ মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৪ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৫ মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৬ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৭ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮ সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯ সিনিয়র সহকারী সচিব (সমন্বয় শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১০ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশ করা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ই-মেইলে প্রেরণ করার অনুরোধসহ)।
- ১১ অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১২ অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১২ জুন ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি ১ জুন ২০১৭ তারিখে এটুআই কর্মসূচির আয়োজনে অনুষ্ঠিত 'Innovation in Public Service: Preparedness of the Innovation Teams' শীর্ষক কর্মশালার উল্লেখযোগ্য বিষয়সমূহ আলোকপাত করেন। কর্মশালার আলোচনা ও পরামর্শের ভিত্তিতে এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা/দপ্তরসমূহের ইনোভেশন টিমের নিয়মিত মাসিক সভা আয়োজন, ৫ দিনের প্রশিক্ষণ কর্মশালা আয়োজন, স্ব স্ব প্রতিষ্ঠানের মাসিক সমন্বয় সভার এজেন্ডায় উদ্ভাবনী কার্যক্রম বিষয়ক এজেন্ডা অন্তর্ভুক্তিকরণ, মাঠ পর্যায়ের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের ইনোভেশন টিম গঠন ও উদ্ভাবনী কার্যক্রম পরিচালনা প্রভৃতি বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও তৎপরতা বৃদ্ধির লক্ষ্যে আরো কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপস্থিত প্রতিনিধির মাধ্যমে তিনি দপ্তর/সংস্থাসমূহকে অনুরোধ করেন। এছাড়া অতি সত্ত্বর ই-ফাইলিং কার্যক্রম সক্রিয়ভাবে শুরু করার বিষয়েও তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর তিনি বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ অনুসারে আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য ইনোভেশন কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব এ বছরের কর্মপরিকল্পনার আলোকে সার্বিক বিষয় উপস্থাপন করেন।


০৩। সভার আলোচনায় সকলের অংশগ্রহণে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করা হয়।

ক্রমিক (কর্মপরিকল্পনা অনুসারে)	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
৩.১১	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহের যাচাই-বাছাইপূর্বক বাস্তবায়নের অনুমোদন গ্রহণ এবং সারাদেশে তা বাস্তবায়ন।	বিএমইটি'র সেবাসমূহ আরো জনবান্ধব করার লক্ষ্যে প্রাপ্ত সকল উদ্ভাবনী ধারণার তালিকা প্রস্তুত করে এ বিষয়ে আরো প্রচারণার ব্যবস্থা করা প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। ধারণাসমূহ যাচাই বাছাইপূর্বক তা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং ক্ষেত্র বিশেষে তা অন্যান্য প্রতিষ্ঠানে replicate করার বিষয়েও সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। ধারণাসমূহ যাচাই বাছাইপূর্বক তা বাস্তবায়নে এবং ক্ষেত্র বিশেষে অন্যান্য প্রতিষ্ঠানে replicate করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়। ২। অধিকতর ব্যবহার এবং সর্বমহলে জানার সুবিধার্থে উদ্ভাবনী কার্যক্রমসমূহের প্রচারণার ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।
৩.১২	শিক্ষাবৃত্তি প্রদান।	প্রবাসী কর্মীর সন্তানদের অনুকূলে ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড কর্তৃক পরিচালিত শিক্ষাবৃত্তি প্রদান কার্যক্রমটির আবেদন গ্রহণ ও তা প্রক্রিয়াকরণে ডিজিটাইজেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ পদ্ধতিতে সম্ভাব্য আবেদনকারীগণ অনলাইনে আবেদন করার সুযোগ পাবেন। শিক্ষাবৃত্তির এ কার্যক্রমটি পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন করা হয়েছে। কার্যক্রমটি বাস্তবায়নে গৃহীত কার্যাবলী চলমান রয়েছে এবং তা নির্ধারিত সময়ে সম্পন্ন হবে বলে ওয়েলফেয়ার বোর্ডের প্রতিনিধি সভাকে অবহিত	১। কার্যক্রমটির সফল বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম জোরদার করা এবং সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত যথাযথ পদ্ধতি অনুসরণের অনুরোধ করা হয়।

		করেন।	
৩.১৩	ই-ফাইলিং চালুকরণ।	ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডে এ কার্যক্রমটি চালু হয়েছে এবং এর সফল বাস্তবায়নে মনিটরিং জোরদার করা প্রয়োজন বলে সভাকে অবহিত করা হয়।	পর্যায়ক্রমে এ কার্যক্রমটি বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ওয়েলফেয়ার বোর্ড ছাড়াও অন্যান্য সংস্থা/দপ্তরসমূহকেও অনুরোধ করা হয়।
৩.১৪	সৌদি আরবে প্রবাসী তথ্য সেবা কেন্দ্র (Expatriates' Digital Center) (ইডিসি) স্থাপন।	সৌদি আরবে প্রবাসী তথ্য সেবা কেন্দ্র (Expatriates' Digital Center) (ইডিসি) স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এটুআই কর্মসূচির সহায়তায় এ কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে। কার্যক্রমটি বাস্তবায়নে এ বিষয়ে এটুআই কর্মসূচির সাথে ৩ টি ওয়ার্কশপ হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	কার্যক্রমটির বাস্তবায়ন ত্বরান্বিত করা এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত যথাযথ প্রক্রিয়া অনুসরণের অনুরোধ করা হয়।
৩.১৫	সোস্যাল মিডিয়ার ব্যবহার চালুকরণ।	ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড এর ফেইসবুক একাউন্ট খোলা হয়েছে বলে সভায় জানানো হয়।	সোস্যাল মিডিয়ার যথাযথ ও সুষ্ঠু ব্যবহারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সকল দপ্তর/সংস্থাসমূহকে অনুরোধ করা হয়।
৩.১৬	উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধি।	ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডের উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন স্টাডি ভিজিট ও প্রশিক্ষণের পরিকল্পনা রয়েছে।	উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত বিভিন্ন স্টাডি ভিজিট ও প্রশিক্ষণের পরিকল্পনা অনুসারে কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়।
৩.১৭	বিদেশগামী কর্মীদের তথ্য অবহিতকরণের জন্য মোবাইল অ্যাপস তৈরীকরণ।	বিদেশগামী কর্মীদের তথ্য অবহিতকরণের জন্য মোবাইল অ্যাপস তৈরীর কাজে প্রাথমিকভাবে EOI পাওয়া গেছে, যা পর্যালোচনা করা হচ্ছে বলে বোয়েসেলের সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন।	যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে কার্যক্রমটি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বোয়েসেল-কে অনুরোধ করা হয়।
৩.১৮	বকেয়া কিস্তি পরিশোধের জন্য এসএমএস প্রেরণ বিষয়ে ইনোভেশন আইডিয়া বাস্তবায়নে কর্মসূচির রূপরেখা চূড়ান্তকরণ এবং সম্ভাব্য ব্যয় ও সময় নিরূপণপূর্বক কর্মসূচি গ্রহণ।	পাইলট কর্মসূচি হিসেবে শাখা ব্যবস্থাপকগণকে গ্রামীণ ফোনের করপোরেট সিম সরবরাহ করা হয়েছে এবং সিম ব্যবহার করে ঋণ খেলাপীদের ঋণ পরিশোধের নিমিত্ত এসএমএস প্রেরণের নির্দেশনা দেয়া হয়েছে।	কার্যক্রমটি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত মনিটরিং জোরদার করে অন্যান্য প্রক্রিয়া সম্পন্ন করার অনুরোধ করা হয়।
৩.১৯	এসএমএস প্রেরণ সংক্রান্ত কার্যক্রম চূড়ান্ত বাস্তবায়নের লক্ষ্যে পাইলট কর্মসূচি থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণপূর্বক ফলাফল প্রস্তুতকরণ।	ব্যাংকিং সফটওয়্যার হতে এসএমএস প্রেরণ কার্যক্রম প্রথমে পরীক্ষামূলকভাবে দেখা হবে বলে প্রবাসী কল্যাণ ব্যাংকের কর্মকর্তা সভায় জানান। কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে গ্রামীণ ফোনের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। ব্যাংকের শাখাসমূহে সিম সরবরাহ করা হয়েছে। কার্যক্রমটি বাস্তবায়নে প্রক্রিয়াসমূহ চলমান রয়েছে বলে সংশ্লিষ্ট প্রতিনিধি সভাকে জানান।	এসএমএস প্রেরণ সংক্রান্ত কার্যক্রম চূড়ান্ত বাস্তবায়নের লক্ষ্যে পাইলট কর্মসূচি থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণপূর্বক ফলাফল এবং ব্যবহৃতব্য ব্যাংকের সফটওয়্যার এর অগ্রগতি বিষয়ে পরবর্তী সভায় অবহিত করার অনুরোধ করা হয়।
৩.২০	ঋণের স্থিতি সম্পর্কে অবহিত করার জন্য এ সংক্রান্ত প্রকল্প বাস্তবায়নে অনলাইনভিত্তিক কার্যক্রম	ঋণের স্থিতি সম্পর্কে অবহিত করার জন্য এ সংক্রান্ত কর্মসূচি গ্রহণের পরিকল্পনা করা হয়েছে, যা বর্তমানে পর্যালোচনা করা হচ্ছে।	পাইলট কর্মসূচি হতে প্রাপ্ত তথ্য ও ফলাফল পর্যালোচনাপূর্বক যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য প্রবাসী কল্যাণ ব্যাংক-কে অনুরোধ করা হয়।
৩.২১*	বিবিধ*	বিএমইটি'র ওয়েবসাইটটি ন্যাশনাল পোর্টালের সাথে সামঞ্জস্য করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ওয়েবসাইটটিতে অনলাইন অভিযোগ	১। বিএমইটি'র ওয়েবসাইটটি ন্যাশনাল পোর্টালের সাথে সামঞ্জস্য করা এবং ওয়েবসাইটটিতে অনলাইন অভিযোগ

	<p>ব্যবস্থাপনা প্রক্রিয়াটির আরো উন্নয়নের বিষয়েও সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p> <p>বিএমইটি, ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রতিনিধিবৃন্দকে প্রয়োজনীয় তথ্যাদিসহ ইনোভেশন টিমের পরবর্তী সভায় গুরুত্বপূর্ণ বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানানো হয়।</p> <p>এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিতভাবে আয়োজনের বিষয়ে তাগিদ প্রদান করা হয়।</p> <p>মাঠ পর্যায়ে দপ্তর/সংস্থাসমূহে বিশেষতঃ টিটিসিসমূহে ইনোভেশন টিম গঠন ও উদ্ভাবনী কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় তাগিদ প্রদান করা হয়।</p> <p>টিটিসিসমূহে পরিচালিত Pedagogy ও অন্যান্য প্রশিক্ষণ কর্মসূচিতে ইনোভেশন কার্যক্রম বিষয়টি অন্তর্ভুক্তির জন্যেও সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p> <p>এ মন্ত্রণালয় এবং তার আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে E-attendance ব্যবস্থা চালুকরণের বিষয়ে সভাপতি তাগিদ প্রদান করেন।</p> <p>বিএমইটির নিজস্ব আরকাইভ সংরক্ষণ কার্যক্রমটি বাস্তবায়ন ও পরিচালনার সুবিধার্থে যথাযথ ধারণা প্রাপ্তির উদ্দেশ্যে ইনোভেশন টিমের সদস্যদের বাংলাদেশ জাতীয় আরকাইভস পরিদর্শন করার নিমিত্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে সময় নির্ধারণের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p>	<p>ব্যবস্থাপনা প্রক্রিয়াটির আরো উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়।</p> <p>২। বিএমইটি, ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রতিনিধিবৃন্দকে প্রয়োজনীয় তথ্যাদিসহ ইনোভেশন টিমের পরবর্তী সভায় গুরুত্বপূর্ণ বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানানো হয়।</p> <p>৩। স্ব স্ব সংস্থা/দপ্তরের ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিতভাবে সম্পন্ন করার অনুরোধ করা হয়।</p> <p>৪। বিএমইটির আওতাধীন টিটিসিসমূহে কার্যক্রম পরিচালনার নিমিত্ত ইনোভেশন টিম গঠনের অনুরোধ করা হয়।</p> <p>৫। টিটিসিসমূহে তাদের ইন্সট্রাক্টরদেও জন্য পরিচালিত Pedagogy ও অন্যান্য প্রশিক্ষণ কর্মসূচিতে ইনোভেশন কার্যক্রম বিষয়টি অন্তর্ভুক্তির অনুরোধ করা হয়।</p> <p>৬। এ মন্ত্রণালয়ে E-attendance ব্যবস্থা চালুকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়ের সহকারি প্রোগ্রামারকে অনুরোধ করা হয়। এ ছাড়া দপ্তর/সংস্থাসমূহেও E-attendance ব্যবস্থা চালুকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়।</p> <p>৭। ইনোভেশন টিমের সদস্যদের বাংলাদেশ জাতীয় আরকাইভস পরিদর্শন করার নিমিত্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার জন্য এ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।</p>
--	---	---

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


20/07/2019
(জাবেদ আহমেদ)

সভার সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার
অতিরিক্ত সচিব (প্রশাসন)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়